

পুরাতন পাঠক্রম

ত্রিভুজীয়

২০১৯

বাংলা

(বাণিজ্য বিভাগ)

আবশ্যিক পত্র

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

১। যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১×১৫

(ক) রবীন্দ্রনাথ পন্নীকে উপেক্ষিতা বলেছেন কেন? এই জন্যে তিনি কাকে দায়ী করেছেন? উপেক্ষার ফল কি হতে পারে বলে তিনি মনে করেছেন?

২+১+১২

(Turn Over)

(খ) “জীবনানন্দ দাশের ‘বনলতা সেন’ কবিতাটি ইতিহাস-চেতনার আলোকে মূলত একটি প্রেমের কবিতা”—মন্তব্যটি বিচার করো।

২। সারাংশ লেখো :

১০

“মরুভূমিতে ফুল ফুটিয়া অপচয় হয় মাত্র! মিথ্যা কথা। অসার কথা। অগভীর আত্মার কথা। প্রশস্ত মরুভূমি—জীবশূন্য, তৃণশূন্য, বারিশূন্য—জ্বালাময়, অগ্নিময়—প্রকৃতির রুদ্র, বিকট, ভয়ংকর মূর্তি! যেমন করিয়া দেখ, সে মূর্তি হইতে কেবল অগ্নিশিখা নির্গত হইতেছে, রুদ্রভাব ফাটিয়া বাহির হইতেছে; কঠোরতা, কঠিনতা, নিষ্ঠুরতা প্রকাশিত হইতেছে। কিন্তু ঐ দেখ ঐ ভয়ঙ্কর মরুভূমিতে একটি ফুল ফুটিয়াছে—ঐ কঠোর, কঠিন, নিষ্ঠুর, রুদ্রমূর্তিতে একটি অনির্বচনীয় কোমলতা অঙ্কিত রহিয়াছে। প্রকৃতি ঐ কোমলতায় অনুপ্রাণিত। ঐ কোমলতা লইয়া প্রকৃতি পূর্ণতাপ্রাপ্ত হইয়াছে, প্রকৃতি আপনাকে সার্থক মনে করিতেছে। তুমি দেখ আর নাই দেখ, তুমি বুঝ আর নাই বুঝ, প্রকৃতি ঐ কোমলতার গুণে পূর্ণতার ভাবে ভোর হইয়া রহিয়াছে, সজীবতা অনুভব করিতেছে, আপনার প্রাণবায়ু আপনি প্রত্যক্ষ করিতেছে। ফুল, তুমি মরুভূমিতে ফুটিও নহিলে মরুভূমি প্রাণশূন্য হইবে এবং মহাশক্তি শক্তিহীন হইবে। বিশ্বনিন্দিত পৌরাণিক কবি ইহা বুঝিতেন। বুঝিয়া বিকটদশনা, ভীমনয়না, খঙ্গধারিণী, অসুরঘাতিনী, রক্তাঙ্গকলেবরা রণরঙ্গিনীকে কোমলতম নীলোৎপলসদৃশ অপরাজিতায় সুশোভিত করিয়াছেন। মরুভূমিতে ফুল না ফুটিলে মরুভূমি কি পৃথিবীতে থাকিত? না মহাশক্তির প্রকৃত শক্তি বুঝা যাইত ?

মরুভূমিতে ফুল না ফুটিলে আকাশের নক্ষত্র কেমন করিয়া মরুভূমিকে পৃথিবী বলিয়া চিনিত? তুমি মরুভূমি দেখ আর নাই দেখ, কিন্তু মরুভূমিকে তো নক্ষত্রের কাছে পরিচিত হইতে হইবে। তাই মরুভূমিতে ফুল ফোটে।”

অথবা

ভাবসম্প্রসারণ করো :

১০

কেমন করে শেখাই তাকে

ছোট্ট অবুঝ শিশুটাকে

বলতে সত্য কথা,

যখন কিনা মিথ্যা থেকে

আমরা নিজে শিখছি ঠেকে

চতুর কথকতা।

৩। যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো :

১×১০

(ক) সর্বধর্মসম্বন্ধে ও বাংলার সাংস্কৃতিক ঐতিহ্য ;

(খ) সাম্প্রতিক বাংলা সঙ্গীত ;

(গ) শিক্ষা ও বাণিজ্য;

(ঘ) মানবজীবনে বিজ্ঞান-মনস্কতার প্রয়োজনীয়তা।

(ঙ) সংবাদপত্রের ভাষা।

- ৪। পরিভাষা লেখো (যেকোনো পাঁচটি) : ৫×১
- Affidavit, Consul, Excise, Marginal, Overhead Charges,
Revenue, Tender, Ceremony.
- ৫। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫
- (ক) বিপরীতার্থক শব্দ লেখো : (৫টি) ৫×১
- তদানীন্তন, নন্দিত, সুধা, কৃষ্ণ, শিথিল, খর্ব, বিসর্জন।
- (খ) অশুদ্ধি সংশোধন করো : (৫টি) ৫×১
- সিঞ্জীনি, মুহর্ত, সুর্পনোখা, অনিকীনি, মিমাংসা, মনযোগি।
- (গ) পদ পরিবর্তন করো : (৫টি) ৫×১
- হিম, স্নেহ, লাল, বিপরীত, বঙ্গ, প্রতিরোধ।
-